

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইকামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ইকামতের জওয়াব

ইকামতকে দ্বিতীয় আযান বলা হয়, তাই ইকামতও এক প্রকার আযান। (ফাতাওয়া ইসলামিয়্যাহ্, সউদী উলামা-কমিটি ১/২৪৯) সুতরাং এর জওয়াবও আযানের মতই। অবশ্য 'হাইয়্যা আলাস সলা-হ্' ও '--ফালাহ্' এর জওয়াবে 'লাহাউলা অলা কুওয়াতা ইল্লা বিল্লাহ্' এবং শেষে (সময় পেলে) দরুদ ও অসীলার দুআ পাঠ করা বিধেয়। যেহেতু হাদীস শরীফে মুআযযিনের জওয়াব (তার মতই) বলতে এবং তার শেষে দরুদ ও অসীলার দুআ পড়তে আমাদেরকে আদেশ করা হয়েছে। (মুসলিম, মিশকাত ৬৫৭নং)

উক্ত হাদীসের ভিত্তিতেই 'ক্লাদ ক্লামাতিস স্বলাহ্' এর জওয়াবে 'ক্লাদ ক্লামাতিস স্বলাহ্'ই বলতে হবে। নচেৎ এর জওয়াবে 'আক্লামাহুল্লাহু অআদামাহা' বলার হাদীস শুদ্ধ নয়। আর যয়ীফ হাদীসকে ভিত্তি করে শরীয়তের কোন আমল ও ইবাদত বৈধ নয়। (দেখুন, মিশকাত, আলবানীর টীকা ১/১২১) (মতান্তরে যেহেতু ইকামতের জবাবে কোন স্পষ্ট সহীহ হাদীস নেই, তাই ইকামতের জবাব দেওয়া সুন্নত নয়। অল্লাহু আ'লাম।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2820

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন